



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬/আএভআ/১০৫৫

তারিখ: ০৫/০৯/২০২৩

বিষয় : বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সমীরণ কুমার বিশ্বাস-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০৭/১১/২০২২ তারিখের আবেদন।  
 (২) বোর্ডের বিদ্যালয় উপ-পরিদর্শক জনাব মো: আরিফুল হক-এর ১৩/০৩/২০২৩ তারিখের তদন্ত প্রতিবেদন।  
 (৩) বোর্ডের ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।  
 (৪) ১৬/০৭/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ২১/০৮/২০২৩ তারিখের ২২৮ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সমীরণ কুমার বিশ্বাস-এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটি কর্তৃক আনীত অভিযোগ যথাক্রমে- ১। চারিত্রিক স্বলন (খন্ডকালীন শিক্ষিকা জয়া ব্যানার্জীর সাথে অনৈতিক সম্পর্ক স্থাপন ও ধৃত হয়ে গণপিটুনির শিকার হওয়া); ২। সহকারী শিক্ষক শান্তনা রাণী ধরের সাথে কুরচিপূর্ণ আচরণ ও তাঁকে চাকুরীচ্যুত করার ভয় দেখিয়ে ৯০,০০০/- (নব্বই হাজার) টাকা ঘুষ দাবি; ৩। সহকারী শিক্ষক-শিক্ষিকা ও কর্মচারীদের সাথে অসদাচরণ ও অশালীন; ৪। বিদ্যালয়ের অর্থ তহরুপ; ৫। কোন ক্লাশে কখনই পাঠদান না করা-সহ ইত্যাদি অভিযোগে ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্ত করা হয়।

এমতাবস্থায়, বোর্ডের ১৬/০৭/২০২৩ তারিখে বাদী ও বিবাদী উভয়ের উপস্থিতিতে তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরী হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ২১/০৮/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৮ তম বোর্ড সভায় বিদ্যালয়ের প্রধান শিক্ষক (বরখাস্তকৃত) জনাব সমীরণ কুমার বিশ্বাস-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩

প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি  
 রসুলপুর বাছিরন নেছা উচ্চ বিদ্যালয়  
 রসুলপুর, সদর  
 টাঙ্গাইল।

মেমো নং- ১০৫৫ (১১)

তারিখ: ০৫/০৯/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক (ভারপ্রাপ্ত), রসুলপুর বাছিরন নেছা উচ্চ বিদ্যালয়, রসুলপুর, সদর, টাঙ্গাইল।
- ৮। জনাব সমীরণ কুমার বিশ্বাস, প্রধান শিক্ষক (বরখাস্তকৃত), রসুলপুর বাছিরন নেছা উচ্চ বিদ্যালয়, রসুলপুর, সদর, টাঙ্গাইল।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।

সচিব ০৫/০৯/২৩

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ঢাকা।

০৫/০৯/২০২৩